# হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়

অস্থায়ী ক্যাম্পাসঃ ভাদৈ, হবিগঞ্জ সদর, হবিগঞ্জ-৩৩০০

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
https://hau.ac.bd
prp@hau.ac.bd


## শোক বার্তা

হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয় পরিবার গভীর শোক ও দুঃখের সাথে জানাচ্ছে যে, রাজনৈতিক-সাংস্কৃতিক সংগঠন ইনকিলাব মঞ্চের মুখপাত্র হিসেবে পরিচিত, জুলাই গণ-অভ্যুত্থানের অকুতোভয় বীর সৈনিক এবং ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে ঢাকা-৮ আসন থেকে সংসদ সদস্য পদপ্রার্থী জনাব শরীফ ওসমান হাদী গত ১২ ডিসেম্বর সন্ত্রাসীদের বর্বরোচিত হামলায় গুরুতর আহত হয়ে সিঙ্গাপুরের জেনারেল হাসপাতালে প্রায় এক সপ্তাহ মৃত্যুর সাথে পাঞ্জা লড়ে আজ ১৮ই ডিসেম্বর চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেছেন (ইন্না-লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তাঁর প্রয়াণ দেশের জন্য এক অপূরণীয় ক্ষতি। জুলাই অভ্যুত্থানে তাঁর সাহসী ভূমিকা এবং দেশের সংকটকালীন সময়ে তাঁর মতো তরুণ নেতৃত্বের উপস্থিতি অত্যন্ত প্রয়োজনীয় ছিল। আমরা এই জঘন্য হত্যাকাণ্ডের তীব্র নিন্দা জানাচ্ছি এবং এই ঘটনার সাথে জড়িত সকল খুনিদের দ্রুত চিহ্নিত করে দৃষ্টান্তমূলক শাস্তির জোর দাবি জানাই। সত্য ও ন্যায়ের পথে ওসমান হাদির এই আত্মত্যাগ তরুণ প্রজন্মের কাছে অনুপ্রেরণা হয়ে থাকবে।

এই মর্মান্তিক ও অনাকাঙ্ক্ষিত মৃত্যু হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য ও বিশ্ববিদ্যালয় পরিবার গভীর সমবেদনা প্রকাশ করেছে। নিহতের আত্মার শান্তি কামনা এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি গভীর সহানুভূতি ও সমবেদনা জানানো হচ্ছে।

১৮/১২/২০২৫

সহকারী পরিচালক
জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
হবিগঞ্জ কৃষি বিশ্ববিদ্যালয়